

প্রতিরক্ষী শিশু-কিশোরদের মূলধারায় সম্পৃক্ত করতে কাজ চলছে

শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার লেখাপড়ার উপযোগী পরিবেশ গড়ে তোলার প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা প্রদানের মাধ্যমে প্রতিরক্ষী শিশু-কিশোরদের জনগোষ্ঠীর মূলধারায় সম্পৃক্ত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

মন্ত্রী গতকাল ঢাকায় নায়েম মিলনায়তনে 'শিক্ষার মাধ্যমিক স্তরে অটিজম আক্রান্ত শিক্ষার্থীদের একীভূতকরণ' শীর্ষক দিনব্যাপী সেমিনারের সমাপনী অনুষ্ঠানে বক্তৃতায় এ কথা বলেন।
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা বাত্বনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও

বক্তব্য রাখেন অটিজম বিষয়ক এডভাইজরি কমিটির ভাইস চেয়ারম্যান প্রফেসর প্রাণ গোপাল দত্ত এবং অটিস্টিক একাডেমি স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক সালমা বেগম।

শিক্ষামন্ত্রী আরও বলেন, প্রতিরক্ষী শিশু-কিশোরদের জনসম্পদ হিসেবে গড়ে তুলতে পাঠ্যপুস্তকসহ উপযোগী শিক্ষা উপকরণ নিশ্চিত করা এবং শিক্ষাপ্রতিষ্ঠানে প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। অটিস্টিক একাডেমি প্রকল্পের আওতায় এ ধরনের বিশেষ চাহিদাপূর্ণ শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষিত শিক্ষক তৈরি করা হচ্ছে। সরকারের মহৎ উদ্যোগে সহায়তা প্রদানের জন্য মন্ত্রী এনজিও, স্বেচ্ছাসেবক সংগঠন ও ব্যক্তি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান।